গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
রাজস্ব শাখা
www.rangpur.gov.bd

নম্বর-০৫.৫৫.৮৫০০.০১০.০৩.০৬০.২৪- ১৬

তারিখ: ১৮ পৌষ ১৪৩১ / ০২ জানুয়ারি ২০২৫

জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসারে রংপুর জেলার ২০ (কুড়ি) একরের উর্ধ্বে আয়তনবিশিষ্ট ও রংপুর সিটি কর্পোরেশন এলাকাভুক্ত নিম্নবর্ণিত বদ্ধ শ্রেণির জলমহালসমূহ ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী নিবন্ধনকৃত রংপুর জেলাধীন প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	জলমহালের নাম	উপজেলার নাম	মৌজার নাম	আয়তন (একরে)	ইজারার মেয়াদ (বঙ্গাব্দ)	সরকারি ইজারামূল্য (১৪৩২-১৪৩৪)	অনলাইনে আবেদনের তারিখ	ইজারার মেয়াদ
০১	মাসানকুড়া বিল	পীরগাছা	তালুককান্তি নিজপাড়া ও তালুককান্তি কাবিলাপাড়া	২২.২৩	১৪৩২-১৪৩৪	১৪৪৯০০	বঙ্গাব্দ ০১ মাঘ হতে ১৪ মাঘ পর্যন্ত খ্রিষ্টাব্দ ১৫/০১/২০২৫খ্রি: হতে ২৮/০১/২০২৫খ্রি: পর্যন্ত	০১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত
০২	বাইশারডারা বিল	পীরগাছা	তাজতালুক, রতনপুর ও দামুখর	২১.২১	১৪৩২-১৪৩৪	৩৭২০৯৪		
০৩	ছেড়াছেড়ির বিল	পীরগঞ্জ	জাহিদুপুর	৩৩.৬১	১৪৩২-১৪৩৪	১৩৪৬৬৩		
০৪	হাবুডাঙ্গা বিল	পীরগাছা	প্রতাব বিষু, কালা, পেটভাতা, নবুপাঠানপাড়া	৫০.৫৮	১৪৩২-১৪৩৪	৭৩৩১৩		
০৫	নান্দিনার দীঘি	বদরগঞ্জ	গোপালপুর	৫৩.৩০	১৪৩২-১৪৩৪	১২৮৯৯২৫		
০৬	শালমারা পুকুর	সিটি কর্পোরেশনভুক্ত	রাজেন্দ্রপুর	১.১৫	১৪৩২-১৪৩৪	৭৩৩৯৫		
০৭	অনন্তরাম পুকুর	ঐ	বারঘরিয়া	৪.৩৮	১৪৩২-১৪৩৪	১১৯৫৬৯		
০৮	বত্তর বিল	ঐ	অভিরাম	৫.৭৯	১৪৩২-১৪৩৪	৩৭২৭৫		
০৯	ধরাসুন্দরী পুকুর	ঐ	রাধাবল্লভ	০.৮৯	১৪৩২-১৪৩৪	২০৯৯৫		
১০	আলমনগর পুকুর-১	ঐ	আলমনগর	০.৭৮	১৪৩২-১৪৩৪	২৭৮২৫		
১১	নাজির দিগর পুকুর	ঐ	নাজির দিগর	৪.৫২	১৪৩২-১৪৩৪	৩৭২৭৫০		
১২	খামালী পুকুর	ঐ	মনোহরপুর	১.১২	১৪৩২-১৪৩৪	৩৮৩৬৭		
১৩	কেল্লারকুড়া	ঐ	তালুক ধর্মদাস ও শেখপাড়া	৯.৪৯	১৪৩২-১৪৩৪	২৩২৯৯৫		
১৪	মনোহরপুর শিংগীমারী বিল	ঐ	মনোহরপুর ও বড়বাড়ী	৩.৭৪	১৪৩২-১৪৩৪	৭৫৯৪২		

০১. প্রকৃত মৎস্যজীবী সমিতি/মৎস্যজীবী সংগঠন ১৫/০১/২০২৫ হতে ২৮/০১/২০২৫খ্রি: (০১ মাঘ থেকে ১৪ মাঘ) এর মধ্যে অনলাইনে আবেদন করতে পারবেন। আবেদনের লিংক (http://jm.lams.gov.bd)।

০২. অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, চাহিত সংশ্লিষ্ট কাগজপত্র ও উদ্ধৃত ইজারা মূল্যের ২০% জামানত বাবদ ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে অফিস চলাকালীন সময়ের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর এর রাজস্ব শাখায় নির্ধারিত সীলগালাকৃত দরপত্র বাক্সে ২৯/০১/২০২৫খ্রি. হতে ০২/০২/২০২৫খ্রি. তারিখের মধ্যে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে কোনো আবেদন গ্রহণ করা হবে না। ইজারাপ্রাপ্ত সমিতি কর্তৃক দাখিলকৃত জামানত বাবদ ২০% টাকা শেষ বছরের ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৩. আবেদনকারী মৎস্যজীবী সমিতিকে আবেদন বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) চালানের মাধ্যমে সরকারি নির্ধারিত কোডে (জলমহাল ও পুকুর ইজারা ১/৪৬৩১/০০০০/১২৬১) জমা প্রদান করে চালানের মূলকপি আবেদনের সাথে যুক্ত করে দাখিল করতে হবে।

০৪. নির্বাচিত মৎস্যজীবী সমবায় সমিতিকে ১ম বছরের ইজারা মূল্যসহ মোট ইজারা মূল্যের ১০% আয়কর ও ১৫% ভ্যাট একযোগে চালানের মাধ্যমে যথাযথ কোডে জমা প্রদানপূর্বক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

০৫. ভুল/অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৬. মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি এর কোনো জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোনো জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোনো সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোনো আদালতে কোনো মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

০৭. কোনো কারণবশত ইজারা প্রদান কার্যক্রম বিলম্ব হলেও প্রদত্ত ইজারা ১৪৩২ বঙ্গাব্দ ১লা বৈশাখ হতে কার্যকর হবে। এজন্য ইজারাগ্রহীতা কোনো আর্থিক সুবিধা বা ক্ষতিপূরণ দাবি করতে পারবেন না। এ বিজ্ঞপ্তিভুক্ত সকল জলমহালের ইজারার মেয়াদ ৩০ চৈত্র ১৪৩৪ বঙ্গাব্দ তারিখে সমাপ্ত হবে।

০৮. সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত রংপুর জেলাধীন প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে ইজারা প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

০৯. দাখিলকৃত আবেদনের উদ্ধৃত দর সরকারি ইজারামূল্য অপেক্ষা কম হলে দাখিলকৃত আবেদন গ্রহণযোগ্য হবে না।

CamScanner

১০. আবেদনের সাথে সংগঠন বা সমিতির নিবন্ধন সনদ, সমিতির সভার কার্যবিবরণী, বিগত দুই বছরের অডিট রিপোর্ট, নির্বাচিত কমিটির সভাপতি ও সম্পাদকের ছবিসহ নির্বাহী সদস্যদের নামের তালিকা ও সমিতির সকল প্রকৃত মৎস্যজীবী সদস্যগণের এফআইডি কার্ডের সত্যায়িত কপি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক রুল অনুসারে ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, জলমহালে মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু পরিকল্পনা/রূপরেখাসহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ মোতাবেক অন্যান্য কাগজপত্র সংযোজন করতে হবে।

১১. কোনো মৎস্যজীবী সমবায় সমিতি দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১২. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলি এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিধি-বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

১৩. ০৩-০৫ নম্বর ক্রমিকে বর্ণিত ০৩ (তিন)টি জলমহাল ১৪৩২-১৪৩৭ বঙ্গাব্দ মেয়াদে ৬ (ছয়) বছরের জন্য উন্নয়ন প্রকল্পে ইজারা প্রদানের নিমিত্ত কার্যক্রম চলমান রয়েছে। উক্ত ০৩ (তিন)টি জলমহালের মধ্যে কোনো জলমহাল সরকার তথা ভূমি মন্ত্রণালয় কর্তৃক ইজারা অনুমোদন করা হলে সংশ্লিষ্ট জলমহাল অত্র ইজারা বিজ্ঞপ্তি বহির্ভূত হবে মর্মে গণ্য হবে।

১৪. কর্তৃপক্ষ জনস্বার্থে যেকোনো সময় কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো আবেদন সম্পর্কে যেকোনো উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/:
মোহাম্মদ রবিউল ফয়সাল
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রংপুর।
ফোনঃ ০২৫৮৯৯৬১০৪১
ই-মেইল: dcrangpur@mopa.gov.bd

নম্বর-০৫.৫৫.৮৫০০.০১০.০৩.০৬০.২৪ - ১৬ (৭০)

তারিখ: ১৮ পৌষ ১৪৩১ / ০২ জানুয়ারি ২০২৫

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে-

০১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩. পুলিশ সুপার, রংপুর।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (সংশ্লিষ্ট দপ্তরের নোটিশ বোর্ডে ইজারা বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)-

০১. প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।
০২. সচিব, জেলা পরিষদ, রংপুর।
০৩. জেলা মৎস্য কর্মকর্তা (তাঁকে সরেজমিন পরিদর্শনপূর্বক আয়তন, বর্তমান অবস্থা, উৎপাদনশীলতা ও বাস্তবতার নিরিখে বিজ্ঞপ্তিভুক্ত জলমহালসমূহের সম্ভাবনার বিষয়ে জরুরি ভিত্তিতে প্রতিবেদন দাখিলের অনুরোধসহ)।
০৪. জেলা সমবায় অফিসার, রংপুর (তাঁকে নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির মধ্যে প্রচারের অনুরোধসহ)।
০৫. উপজেলা নির্বাহী অফিসার .... (সকল), রংপুর।
০৬. জেলা তথ্য অফিসার, রংপুর।
০৭. সহকারী কমিশনার (ভূমি), ... রংপুর। (এই বিজ্ঞপ্তির .... কপি তার নিকট প্রেরণ করা হলো। উক্ত বিজ্ঞপ্তি পূর্বতন ইজারাদার/মৎস্যজীবী সমবায় সমিতির মধ্যে জারি করে প্রতিবেদন আগামী.................. তারিখের মধ্যে এই কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার অনুরোধ করা হলো)।
০৮. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রংপুর (তাঁকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৯. উপজেলা মৎস্য কর্মকর্তা, ... (সকল), রংপুর।
১০. উপজেলা সমবায় অফিসার, ... (সকল), রংপুর।
১১. সাব-রেজিস্ট্রার, ... (সকল), রংপুর।
১২. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ... ইউনিয়ন ভূমি অফিস, রংপুর।
১৩. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক .... বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে একদিনের সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধসহ।
১৪. নোটিশ বোর্ড।
১৫. অফিস কপি।

০২.০১.২০২৫

(মোঃ মাহমুদুল ইসলাম)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
রংপুর
ফোন: ০২৫৮-৯৯৬২৬৪৮
ই-মেইল: rdcrangpurb@gmail.com

CS CamScanner